

**‘সব শিক্ষা প্রতিষ্ঠানে  
 ডিজিটাল প্রযুক্তি  
 অন্তর্ভুক্ত করা হবে’**

**প্রতিনিধি, নারায়ণগঞ্জ**

তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম বানু বলেছেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ডিজিটাল/মাল্টিমিডিয়া প্রযুক্তির অন্তর্ভুক্ত করা হবে। তিনি বলেন, শিক্ষার সঙ্গে নিজেকে সম্পৃক্ত করতে হবে। আন্তর্জাতিক শিক্ষার সঙ্গে নিজেকে যুগোপযোগী করে উলতে হবে। কম্পিউটার ল্যাব স্থাপনের আগে স্কুল কলেজের শিক্ষকদের কম্পিউটার সম্পর্কে প্রশিক্ষণ দিতে হবে। গতকাল সন্ধ্যায় নারায়ণগঞ্জের হুইলবাগ বিদ্যা নিকেতন (হাইস্কুলের) দুই দিনব্যাপী আলোচনা সভা, মুক্তিযুদ্ধের গান ও মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিদ্যা নিকেতনের পরিচালনা পরিষদের সভাপতি ও সংবাদের ব্যবস্থাপনা পরিচালক কাশেম হুমায়ূনের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক আবদুল মতিন হানান, অতিরিক্ত পুলিশ সুপার সাক্ষাদুর রহমান, নারায়ণগঞ্জ প্রেসক্লাবের সভাপতি কবি হালিম আজাদ, বিদ্যা নিকেতনের পরিচালনা পরিষদের সাধারণ সম্পাদক নাজির হোসেন, শিল্পপতি হাজী আহসান উল্লাহ, বিদ্যা নিকেতনের প্রধান শিক্ষক নারায়ণ সাহা। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আবদুস সালাম। পরে স্কুলের ছাত্রছাত্রীরা দেশাত্তবোধক গান, কবিতা, নৃত্য পরিবেশন করেন। রাতে মুক্তিযুদ্ধ বিষয়ক ছবি আমার বন্ধু রাখেন, গেরিলা প্রদর্শন করা হয়।